গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জুড়ী, মৌলভীবাজার
www.juri.moulvibazar.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৫৮৩৫.০০৩.০৯.০৩৩.১৯. ৩৬৬

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মে ২০২৩ খ্রি.

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে অনুর্ধ্ব ২০ (বিশ) একর বদ্ধ জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে সীলগালাযুক্ত মুখবন্ধ খামে আবেদন আহবান বিজ্ঞপ্তি নম্বর- ০২/১৪৩০-১৪৩২

এতদ্বারা ভূমি মন্ত্রণালয়ের ১৪/০৩/২০২৩খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫৩৬৮.০২০.০৯(অংশ-২). ২৭৪ নং স্মারকের নির্দেশনার পরিপ্রেক্ষিতে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/মৎস্যজীবি সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুড়ী উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির ব্যবস্থাপনাধীন নিম্নবর্ণিত ইজারাযোগ্য অনুর্ধ্ব ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে ১৪৩০ বাংলা সনের দখল প্রদানের তারিখ হতে ১৪৩২ বাংলা সনের ৩০ চৈত্র অর্থাৎ ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দ মেয়াদ পর্যন্ত ইজারা ব্যবস্থাপনার নিমিত্ত প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের নিকট হতে সীলগালাযুক্ত মুখবন্ধ খামে নিম্নোক্ত সময় ও শর্তাধীনে আবেদন আহবান করা করা যাচ্ছে।

| আবেদন ফরম ক্রয়ের শেষ তারিখ ও সময় | আবেদন দাখিলের তারিখ ও সময় | আবেদন খোলার তারিখ ও সময় | আবেদনপত্র ক্রয় ও দাখিলের স্থান |
|---|---|---|---|
| ০৭/০৬/২০২৩ খ্রিস্টাব্দ অফিস সময় পর্যন্ত | ০৮/০৬/২০২৩ খ্রিস্টাব্দ বিকাল ০৩.০০ ঘটিকা পর্যন্ত | ০৮/০৬/২০২৩ খ্রিস্টাব্দ বিকাল ০৩.৩০ ঘটিকা পর্যন্ত | <u>ক্রয়ের স্থান:</u><br>১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জুড়ী<br>২। উপজেলা ভূমি অফিস, জুড়ী<br><br><u>দাখিলের স্থান:</u><br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জুড়ী |

**শর্তাবলী**

ক) **সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠন উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে সীলগালাযুক্ত মুখবন্ধ খামে ইজারার জন্য আবেদন দাখিল করতে হবে। বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়সূচী অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জুড়ী এবং জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর রাজস্ব শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী, মৌলভীবাজার এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (যে কোনো তফসিলি ব্যাংক হতে) দাখিল সাপেক্ষে আবেদন ফরম ক্রয় করা যাবে।**

খ) আবেদন ফরমের সকল তথ্যাদি পূরণপূর্বক জলমহাল ইজারা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী এর অনুকূলে জামানত বাবদ প্রস্তাবিত ইজারামূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জুড়ী এ দাখিল করতে হবে। শেষ বছরের ইজারামূল্যের সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। জামানত বাবদ দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর সঠিকতা যাচাই এর স্বার্থে ব্যাংক হতে আবেদনকারী বরাবর সরবরাহকৃত (যিনি আবেদন জমা করবেন তার নামে ব্যাংক হতে ইস্যুকৃত) জামানতের পে-স্লিপ (জমার বিবরণ) অবশ্যই আবেদনের সাথে জমা প্রদান করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগ জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন কথাটি স্পষ্টভাবে উল্লেখপূর্বক জলমহালের নাম এবং খামের বাম পার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

গ) আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের পর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

ঘ) যে কোনো জলমহাল ইজারার বিষয়ে জলমহালের নিকটবর্তী/তীরবর্তী মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনকে অগ্রাধিকার দেয়া হবে।

ঙ) ইজারা গ্রহীতাকে প্রত্যেক বছরের ইজারামূল্যের উপর সরকারি ধার্যকৃত ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।

চ) ইজারা পাওয়ার জন্য অন্যান্য সকল শর্তাদি (পরিশিষ্ট-ক) আবেদন ফরমের সাথে সংযুক্ত থাকবে।

ছ) জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি, ইজারা পাওয়ার জন্য অন্যান্য সকল শর্তাদি (পরিশিষ্ট-ক) উপজেলা ওয়েব পোর্টাল www.juri.moulvibazar.gov.bd ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জুড়ী এর নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট সহকারীর নিকট হতে জানা যাবে।

জ) যে কোনো আবেদন গ্রহণ ও বাতিলের বিষয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত বিজ্ঞপ্তি পরিবর্তন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

CamScanner

**১৪৩০-১৪৩২ বঙ্গাব্দ মেয়াদে ইজারা/বন্দোবস্তযোগ্য জলমহালের তালিকা**

| ক্রঃ নং | জলমহালের নাম | মৌজা/ জে.এল নং | দাগ নং | আয়তন (একরে) | বিগত তিন সনের গড় রাজস্ব/ নির্ধারিত মুল্য | ৫% বর্ধিত হারে সরকারী মূল্যে | আবেদন মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | বরইতলী ঝিল | বরইতলী-১৬৫ | ৯২৪ ৯২৪, ৯২৬ ১৪৯১ ১৪৯২ | ৪.৯৯ | ১,০৩,৫৬৯/- | ১,০৮,৭৪৭/- | ৫০০/- |
| ২. | বাখরবন্দে: খাটি | চাতলা হাওর-২১/১৭২ | ৩৮৮ | ২.০০ | ৬৩৪/- | ৬৬৬/- | ৫০০/- |
| ৩. | এমড়াখালি চেপ্টি বান্দ | বাছিরপুর-১৩৫ | ১৬৯৩,১৪৬১,১৬৯১ | ৭.৭১ | ৯,৫০০/- | ৯,৯৭৫/- | ৫০০/- |
| ৪. | স্মরণরায়ের নালা | ভবানীপুর/বাছিরপুর হরিরামপুর | ৪২২,৬১৭,২৭৬,৮৩২ | ৩.৯১ | ৫,০০০/- | ৫,২৫০/- | ৫০০/- |
| ৫. | গোরার ডুবি | নয়াগ্রাম/২৬ | ৮০৯ | ২.১০ | ১০৫০/- | ১১০৩/- | ৫০০/- |
| ৬. | কন্টিনালার কর | চাতলা হাওর,২১/১৭২ | ৪১৫ | ৪.৪০ | ৯১,৪৮০/- | ৯৬,০৫৪/- | ৫০০/- |
| ৭. | রত্নাছড়া | ধামাই চা বাগান/১৩৯ | ২৬৮৩ | ১.৪১ | ৭,৫০০/- | ৭৮৭৫/- | ৫০০/- |
| ৮. | জগাইরখাল | আমতৈল/১৩৪ | ১৮০,৩৯০ | ৫.৫৩ | ৪৫০০/- | ৪,৭২৫/- | ৫০০/- |
| ৯. | গুজিয়ালা | ধামাই চা বাগান/১৩৯ | ২৫২২/৩১২১,২০০৭, ২৫৯৪/৩১৩৯ | ৫.৪৫ | ৯,০০০/- | ৯,৪৫০/- | ৫০০/- |

২৪.০৫.২০২৩

(রঞ্জন চন্দ্র দে)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
জুড়ী, মৌলভীবাজার।
ফোন নং ০৮৬২৭-৫৭০০১
ই-মেইল: unojuri@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৫৮৩৫.০০৩.০৯.০৩৩.১৯. ৬৬৬

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
২৪ মে ২০২৩খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-

১৪. সচিব, ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫. বিভাগীয় কমিশনার, সিলেট
১৬. জেলা প্রশাসক, মৌলভীবাজার
১৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও উপদেষ্ট-১, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, জুড়ী মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা-২ উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, জুড়ী

জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১৯. উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর/কুলাউড়া/কমলগঞ্জ/শ্রীমঙ্গল/বড়লেখা/মৌলভীবাজার সদর।
২০. সহকারী কমিশনার (ভূমি), জুড়ী/রাজনগর/কুলাউড়া/কমলগঞ্জ/শ্রীমঙ্গল/বড়লেখা/মৌলভীবাজার সদর।
২১. উপজেলা ------------------------ কর্মকর্তা, জুড়ী।
২২. চেয়ারম্যান, --------------------- ইউপি(সকল), জুড়ী।
২৩. সম্পাদক,-------------------------------, বিজ্ঞপ্তিটি শতাবলী ছাড়া স্বল্প পরিসরে পত্রিকায় ১(এক) টি সংখ্যায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২৪. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, -------------------- ইউনিয়ন ভূমি অফিস, জুড়ী। বিজ্ঞপ্তিটি মাইকযোগে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
২৫. সভাপতি/সম্পাদক..........................................মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, জুড়ী।
২৬. জনাব------------------------------------------প্রাক্তন ইজারাদার--------------------------------------